কোভিড-19 অতিমারী চলাকালীন অভিবাসী সম্প্রদায়ের জন্য নিউ ইয়র্ক সিটির সংস্থানসমূহ

নিউ ইয়র্ক সিটি করোনা-ভাইরাস 2019 (কোভিড-19) অতিমারীর দ্বারা উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ। আপনার অভিবাসনের স্থিতি এবং আপনার পেমেন্ট করার ক্ষমতা আছে কিনা তা নির্বিশেষে শহরের অনেক পরিষেবা সবার জন্য উপলভ্য রয়েছে, যদিও যোগ্যতার অন্যান্য প্রয়োজনীয়তা প্রযোজ্য হতে পারে।

উপলভ্য পরিষেবা এবং সংস্থানসমূহের তথ্য **ঘনঘন পরিবর্তিত হচ্ছে।** আপডেটের জন্য nyc.gov/immigrants/coronavirus ও nyc.gov/coronavirus দেখুন এবং Twitter-এ @NYCImmigrants অনুসরণ করুন।

কোভিড-19 সম্বন্ধে নির্দেশাবলী ও চিকিৎসা

- যত বেশি সম্ভব ঘরে থাকলে নিউ ইয়র্ক সিটিতে করোনা-ভাইরাস (কোভিড-19)-এর ছড়ানোর গতি তত মন্থর হবে। যাদের কোনো উপসর্গ দেখা দেয়নি তারা তবুও ভাইরাস ছড়াতে পারেন।
- নিউ ইয়র্কবাসীদেরকে অবশ্যই প্রকাশ্যে মুখ ঢেকে রাখতে হবে, বিশেষ করে যখন তারা একে অন্যের থেকে ছয় ফুট দূরে থাকতে পারবেন না। মুখ ঢাকা হল যথাযথভাবে সুরক্ষিত এমন একটি কাগজ অথবা কাপড় যার দ্বারা আপনার নাক এবং মুখ ঢাকা থাকবে এবং যখনই আপনি বাড়ির বাইরে যাবেন তখনই সেটি পরতে হবে। কোন ধরনের মুখ ঢাকা কিভাবে ব্যবহার করতে হবে সে বিষয়ে আরও তথ্যের জন্য NYC.gov/Coronavirus -এ যান।
- নিউ ইয়র্ক সিটির সমস্ত অত্যাবশ্যক কর্মীদেরকে তাদের কর্তব্য পালনের জন্য যখন জনসাধারণের সাথে মিলিত হতে হবে তখন তাদেরকে অবশ্যই মুখ ঢেকে রাখতে হবে। সিটি অত্যাবশ্যক কর্মীদের জন্য মুখ ঢাকার আবরণ বিতরণ করছে।
- মুদির দোকানগুলিকে গ্রাহকদের মুখ ঢাকার আবরণ ব্যবহারকে একটি বাধ্যবাধকতায় পরিণত করা উচিৎ যাতে করে কর্মী ও গ্রাহক উভয়ই রক্ষা পেতে পারে। ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদেরকে এই নির্দেশিকাকে কার্যকর করতে সহায়তা করার জন্য প্রচারপত্র লাগাতে বলা হচ্ছে।
- যদি আপনি অসুস্থ হন, তাহলে বাড়িতেই থাকুন। যদি আপনার কাশি, শ্বাসকষ্ট, জ্বর, গলা ব্যথা থাকে এবং 3-4 দিন পার হয়ে যাওয়ার পরও সুস্থ বোধ না করেন, তাহলে ডাক্তারের পরামর্শ নিন।
- আপনার ডাক্তারের সঙ্গে মুখোমুখি বসে কথা বলার পরিবর্তে টেলিফোন, মেসেজ, টেলিমেডিসিন (ভিডিও কনফারেন্সিং), অথবা পেশেন্ট পোর্টাল ব্যবহার করুন। আপনাকে আপনার বাড়ির বাইরে গিয়ে চিকিৎসা করাতে হবে কিনা তা আপনি এবং আপনার ডাক্তার মিলে সিদ্ধান্ত নেবেন।
- যদি আপনার একজন ডাক্তার খুঁজে পেতে অথবা চিকিৎসা পরিষেবার গ্রহণের ক্ষেত্রে কোনও সাহায্যের প্রয়োজন হয়, তাহলে **311**-এ কল করুন। সিটি আপনাকে অভিবাসনের স্থিতি নির্বিশেষে এবং আপনার কাছে এই পরিষেবা গ্রহণের বিনিময়ে পেমেন্ট করার মতো আর্থিক সচ্ছলতা আছে কিনা তার বিচার না করেই আপনাকে চিকিৎসা পরিষেবা প্রদান করবে।
- নিউ ইয়র্ক সিটি কোনও রোগীর জন্য সরাসরি কোভিড-19 এর জন্য পরীক্ষা করানোর কথা বলে না। যদি আপনার কাছে এমন কোনও কল আসে তাহলে এটি ভুয়ো হতে পারে। শুধুমাত্র প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা সহ আপনার স্বাস্থ্য সম্বন্ধীয় তথ্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে আলোচনা করুন।
- কোভিড-19 -এর মতো অতিমারীর সময় কি করা উচিত সে বিষয়ে সিটির নির্দেশাবলী ঘন ঘন আপডেট করা হচ্ছে। সর্বশেষ তথ্য জানতে, NYC.gov/Coronavirus -এ যান। 20 এর বেশি ভাষায় তথ্য পাওয়া যায়।
  - কোভিড-19 -এর সম্বন্ধে আপডেট আসার সাথে সাথেই সেগুলিকে ইংরাজিতে পেতে, **COVID** লিখে **692-692**-তে বার্তা পাঠান।
  - আপডেট আসার সাথে সাথেই সেগুলিকে স্প্যানিশ ভাষায় পেতে, **COVIDESP** লিখে **692-692**-তে বার্তা পাঠান।
  - এছাড়াও আপডেট আসার সাথে সাথেই সেগুলিকে ইংরাজি, স্প্যানিশ ও চীনা ভাষায় Twitter -এ পাওয়া যাবে। @NotifyNYC, @NNYCSpanish এবং @NNYCChineseঅনুসরণ করুন।
- নিউ ইয়র্কবাসীদের মধ্যে যাদের উপসর্গ রয়েছে অথবা পরীক্ষার পরে কোভিড-19 ধরা পড়েছে, কোভিড-19 এর দ্বারা সংক্রমিত হতে পারে এমন কারও সংস্পর্শে এসেছেন, অথবা যাদের মাধ্যমে রোগ সংক্রমিত হতে পারে এই আশঙ্কায় সাময়িকভাবে পৃথক করে রাখা হয়েছে তারা তাদের স্থিতি সম্পর্কে সিটিকে জানাতে পারেন। আরও তথ্যের জন্য NYC COVID-19 এনগেজমেন্ট পোর্টাল-এ যান।

কোভিড-19 এবং অভিবাসন সম্বন্ধীয় উদ্বেগ

- কোভিড-19 -এর জন্য পরিষেবা, চিকিৎসা, অথবা পরীক্ষা নিরীক্ষা করা হলে তা আপনাকে "সরকারি অনুদান নির্ভর ব্যক্তির" আওতায় আসবেন না অথবা গ্রিন কার্ডের জন্য আবেদন করার ক্ষেত্রে কোনও অসুবিধা হবে না। দানসুলভ বিনামূল্যের পরিষেবা অথবা ছাড়যুক্ত চিকিৎসা পরিষেবা গ্রহণ করলেও গ্রিন কার্ডের জন্য আবেদন করার ক্ষেত্রে কোনও অসুবিধা হবে না। যখন গ্রিন কার্ডধারীরা নাগরিকত্বের জন্য আবেদন করবেন তখন "সরকারি অনুদান নির্ভর ব্যক্তি" নামক পরীক্ষা দিতে হবে না। নির্ভয়ে সেবা নিন।
- অসংখ্য অভিবাসী "সরকারি অনুদান নির্ভর ব্যক্তি" নামক পরীক্ষার দ্বারা প্রভাবিত হবেন না।
- সমস্ত সরকারি, পরিষেবা, প্রকল্প অথবা সুবিধাকে "সরকারি অনুদান নির্ভর ব্যক্তি" নামক পরীক্ষার আওতায় বিবেচনা করা হয় না। উদাহরণস্বরূপ, নিম্নলিখিত পরিষেবা ও প্রকল্পগুলি "সরকারি সুবিধা" বলে বিবেচিত হয় না, এমনকি অভিবাসী যারা "সরকারি অনুদান নির্ভর ব্যক্তির" পরীক্ষার শর্তসাপেক্ষ তাদের জন্যও না:
  - চিকিৎসা সম্বন্ধীয় পরিষেবা এবং জরুরি নয় এমন Medicaid ছাড়া অধিকাংশ স্বাস্থ্য বীমা
  - Medicaid-কে অন্তর্ভুক্ত করার সময়, Medicaid-এর নিম্নলিখিত পরিষেবাগুলিকে বাইরে রাখা হয়েছে:
    - জরুরি Medicaid।
    - Medicaid-এর তরফ থেকে অর্থ প্রদত্ত পরিষেবাগুলি, কিন্তু যেগুলি প্রতিবন্ধী শিক্ষা আইনের (Individuals with Disabilities Education Act, IDEA) আওতায় প্রদান করা হয়।
    - Medicaid-এর তরফ থেকে অর্থ প্রদত্ত স্কুল-ভিত্তিক পরিষেবা অথবা সুবিধাগুলি
    - 21 বছরের কম বয়সী Medicaid-এর সুবিধা প্রাপ্ত শিশুরা
    - কোনও মহিলা যদি তার গর্ভাবস্থায় + 60 দিনের জন্য Medicaid-এর সুবিধা গ্রহণ করেন
  - খাদ্য সম্বন্ধীয় নানাবিধ সহায়তা, যেমন মহিলা, নবজাতক এবং বাচ্চাদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি সংক্রান্ত প্রকল্প (Women, Infants and Children, WIC) ফুড প্যান্ট্রি, স্কুলে প্রদত্ত গ্র্যাব অ্যান্ড গো মিলস (Grab and Go meals), এবং আরও অনেক কিছু (SNAP ব্যতীত; নিচের "খাদ্য" বিভাগ দেখুন)
  - বেকার ভাতা
- এক্ষেত্রে অভিবাসন স্থিতি নির্বিশেষে স্বাস্থ্যসেবা গ্রহণকারী সমস্ত রোগীদের গোপনীয়তা রক্ষার শক্তিশালী ব্যবস্থা রয়েছে। ফেডারেল আইন অনুযায়ী, রোগীর অনুমোদন ছাড়া হাসপাতাল ও ক্লিনিকগুলি রোগীর তথ্য কারো সাথে শেয়ার করে না যদি না আইনিভাবে এমন করার প্রয়োজন হয়।
- যদি আপনার মনে অভিবাসন এবং সরকারি সুবিধাগুলি নিয়ে কোনও প্রশ্ন থাকে, তাহলে আইনি সহায়তার জন্য সময়োপযোগী এবং বিশ্বস্ত তথ্য ও সংযোগগুলির অ্যাক্সেস পেতে সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টার মধ্যে বিনামূল্যে, গোপনীয়ভাবে ActionNYC -এর হটলাইন **1-800-354-0365**-এ কল করুন অথবা **311** এ কল করে “Public Charge” বলুন।

স্বাস্থ্যসেবা এবং সুস্থতা

- NYC Health + Hospitals আপনার অভিবাসনের স্থিতি এবং বীমার স্থিতি নির্বিশেষে সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষেবা প্রদান করে। NYC Health + Hospitals আপনাকে সাহায্য করবে, এমনি আপনার স্বাস্থ্য বীমা না থাকলেও বা স্বাস্থ্য পরিষেবার জন্য পেমেন্ট করতে না পারলেও। এগুলি হল জরুরি পরিচর্যা, ডাক্তারের ভিজিট, ঔষধ, দীর্ঘমেয়াদী পরিচর্যা বা হাসপাতালে ভর্তি থাকা সহ সমস্ত ধরনের পরিচর্যা পরিষেবা। NYCHealthandHospitals.org/immigrant দেখুন অথবা 844-NYC-4NYC (844-692-4692) বা 311 নম্বরে কল করুন।
- NYC Care হল একটি স্বাস্থ্য পরিষেবা সম্বন্ধীয় প্রকল্প যা এমন নিউ ইয়র্কবাসীদের জন্য NYC Health + Hospitals-এর তরফ থেকে প্রদত্ত বিনামূল্যের ও স্বল্প ব্যয়বহুল পরিষেবাগুলির প্রদান করা সুনিশ্চিত করে যারা স্বাস্থ্য বীমার জন্য উপযুক্ত নয় অথবা এর জন্য খরচা বহন করতে পারে না। সামাজিক দূরত্বের নিয়ম (আপনার পরিবারে যারা থাকেন না তাদের থেকে কমপক্ষে ছয় ফুট দূরে থাকা) মেনে চলতে, NYC Care-এর কর্মীবৃন্দ আপনার সাথে যোগাযোগের তথ্য নিজেদের কাছে রাখবেন এবং যখন মুখোমুখি সাক্ষাৎকারকে অনুমোদিত করা হবে তখন আপনাকে কল করবে। NYCCare.nyc, দেখুন অথবা **1-646-NYC-Care (1-646-692-2273)** বা **311 নম্বরে কল করুন।**
- নিউ ইয়র্ক সিটি, আপনার উপার্জনের উপরে ভিত্তি করে, স্লাইডিং-ফি এর ভিত্তিতে স্বাস্থ্যসেবা প্রদানকারী এমন অনেক কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানের কেন্দ্র। অভিবাসনের স্থিতি নির্বিশেষে, এই পরিষেবা সবার জন্য উপলভ্য। FindaHealthCenter.HRSA.gov-এ যান অথবা আপনার নিকটবর্তী প্রতিষ্ঠানের খোঁজ পেতে NYC low-to no-cost care option list-এ যান।

- যদি আপনি উদ্বেগ, মানসিক চাপ অথবা ভীতি অনুভব করেন, তাহলে শহরের বিনামূল্যের, 200টির বেশি ভাষায় উপলভ্য গোপনে সহায়তা প্রদানকারী হেল্পলাইন NYC Well-এর প্রশিক্ষিত কাউন্সেলারের সাথে যোগাযোগ করুন। **888-NYC-WELL (888-692-9355)**-এ কল করুন **WELL** লিখে **65173**-এ বার্তা পাঠান অথবা NYC.gov/NYCWell-এ গিয়ে অনলাইন চ্যাট করুন।
- বিশেষভাবে প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক পেশাদারদের সাথে কথা বলার জন্য নিউ ইয়র্ক স্টেটে কোভিড-19 চলাকালীন আপনার মানসিক স্বাস্থ্যকে সুরক্ষিত রাখার জন্য হেল্পলাইন নম্বর 844-863-9314 এ কল করুন। ওনারা সপ্তাহের সাত দিন সকাল 8টা থেকে রাত্রি 10টা পর্যন্ত, কথা শুনতে, সহায়তা প্রদান করতে এবং সঠিক জায়গার সন্ধান দিতে উপলভ্য রয়েছেন।

স্বাস্থ্য বীমা

- অনথিভুক্ত শিশু ও গর্ভবতী মহিলা সহ অভিবাসীদের জন্য অনেক স্বল্পমূল্যের ও বিনামূল্যের স্বাস্থ্য বীমা পরিকল্পনা রয়েছে। Medicaid, Child Health Plus এবং Essential Plan সারা বছরই উপলভ্য। New York State of Health-এ যান অথবা **311**-এ কল করুন।
- কোভিড-19 অতিমারীর জন্য, পরবর্তী আদেশ না আসা পর্যন্ত সামনা-সামনি স্বাস্থ্য বীমা নথিভুক্তিকরণের পরিষেবা বিরত থাকবে। এই সময়, আপনি তথ্যের জন্য অথবা টেলিফোনের মাধ্যমে সাক্ষাৎকারের ভিত্তিতে নথিভুক্তির জন্য কল করতে পারেন। অভিবাসনের স্থিতি নির্বিশেষে অনেক ভাষায় সহায়তা উপলভ্য রয়েছে। অ্যাপয়েন্টমেন্টের জন্য NYC's Office of Health Insurance Services-এ যান, 311-এ কল করুন। এছাড়াও আপনি **CoveredNYC**লিখে **877-877** নম্বরে পাঠাতে পারেন। স্প্যানিশ ভাষার জন্য **SeguroNYC** লিখে **877-877** নম্বরে পাঠাতে পারেন।
- কমিউনিটি হেল্থ অ্যাডভোকেটস (Community Health Advocates, CHA) নিউ ইয়র্কবাসীদের সমস্ত নিউ ইয়র্ক স্টেট জুড়ে কমিউনিটিগুলির মধ্যে ব্যক্তিগতভাবে সহায়তা এবং শিক্ষা প্রদান করার মাধ্যমে এই জটিল স্বাস্থ্যসেবা সম্বন্ধীয় পদ্ধতির সঙ্গে মানিয়ে নিতে সহায়তা করে। কিভাবে স্বাস্থ্য বীমার ব্যবহার করতে হয়, চিকিৎসা খরচ এবং ঋণ সম্বন্ধীয় সমস্যাগুলির সমাধানে, এবং বীমার অন্তর্ভুক্ত বিতর্কিত অস্বীকৃতি এবং যোগ্যতা নির্ণয়ের ক্ষেত্রে CHA সহায়তা প্রদান করে। সাহায্য 170টির বেশি ভাষায় উপলভ্য রয়েছে। সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 4টার মধ্যে হটলাইন নম্বর **(888) 614-5400,**-এ কল করুন।

খাবার

- সম্পূরক পুষ্টি সহায়তা প্রকল্প (Supplemental Nutrition Assistance Program, SNAP), অথবা ফুড স্ট্যাম্পস, সীমিত আয়ের লোকদের খাবার কিনতে সহায়তা করে। অভিবাসন সম্পর্কিত কিছু কিছু বিধিনিষেধ প্রযোজ্য হতে পারে। সিটির অনলাইন পোর্টালACCESS HRA-এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ এবং এর নবীকরণ করা যেতে পারে এবং এর মাধ্যমে আপনি আপনার সরকারি সুবিধাগুলির জন্য আবেদন করতে এবং সেগুলিকে পরিচালনা করতে পারেন। আরও তথ্যের জন্য HRA-এর ইনফোলাইনের **718-557-1399** নম্বরে কল করুন।
  - NYC-তে SNAP প্রাপকরা Amazon, Shoprite, বা Walmart থেকে অনলাইনে মুদিখানার জিনিস কিনতে পারেন। অনলাইন দোকানের দ্বারা আপনার বাড়ির ঠিকানায় পণ্য বিতরণ করার বিষয়টিকে নিশ্চিত করুন।
  - যদি আপনার মনে অভিবাসন এবং সরকারি সুবিধাগুলি নিয়ে কোনও প্রশ্ন থাকে, যেমন SNAP তাহলে আইনি সহায়তার জন্য সময়োপযোগী এবং বিশ্বস্ত তথ্য ও সংযোগগুলির অ্যাক্সেস পেতে সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে সন্ধ্যা 6 টার মধ্যে বিনামূল্যে, গোপনীয়ভাবে ActionNYC-এর হটলাইন **1-800-354-0365**-এ কল করুন অথবা **311** এ কল করে "Public Charge" বলুন।
- নিচে প্রদত্ত পরিষেবাগুলি অভিবাসনের স্থিতি নির্বিশেষে সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য বিনামূল্যে প্রদান করা হয়ে থাকে। অনথিভুক্ত অভিবাসীরাও এইসব পরিষেবা গ্রহণ করতে পারেন, এবং এর ফলে আপনাকে "সরকারি অনুদান নির্ভর ব্যক্তি" হিসাবে বিবেচনা করা হবে না অথবা এটি আপনার গ্রিন কার্ডের জন্য আবেদন করার ক্ষমতাকেও ক্ষতিগ্রস্ত করবে না।
  - নিউ ইয়র্ক সিটির ফুড প্যান্ট্রিগুলি মুদিখানার সামগ্রী সরবরাহ করে, এবং কমিউনিটি কিচেনগুলি তৈরি করা খাবার সরবরাহ করে। এতে আয়ের কোনও সীমাবদ্ধতা নেই। FoodHelpNYC ব্যবহার করে অথবা 311-এ কল করে আপনার নিকটবর্তী প্রতিষ্ঠানগুলি এবং সেগুলির কাজের সময় জেনে নিন।
  - শহর জুড়ে মিল হাবগুলিতে সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য দিনে তিনবারের আহার উপলভ্য রয়েছে। মিল হাবগুলি সোমবার থেকে শুক্রবার সকাল 7:30টা থেকে বেলা 11:30টা পর্যন্ত শিশুদের ও পরিবারের অন্যান্যদের জন্য, এবং বেলা 11:30টা থেকে দুপুর 1:30টা পর্যন্ত পর্যন্ত প্রাপ্ত বয়স্কদের জন্য চালু থাকে। এইসব খাবার গ্রহণ করার জন্য কোনোরূপ নথিভুক্তিকরণ, পরিচয়পত্র, অথবা কাগজপত্রের প্রয়োজন নেই। সমস্ত প্রাপ্তবয়স্ক ও বাচ্চারা একবারে তিনটি মিল তুলতে পারে। পিতা মাতা অথবা অভিভাবকরা তাদের শিশুদের জন্য খাবার নিয়ে যেতে পারে। এখানে বসে খাবার কোনও জায়গা নেই, তাই খাবার মিল হাবের বাইরে নিয়ে গিয়ে খেতে হবে। সবগুলি কেন্দ্রে নিরামিষাশী, খাঁটি ও হালালের বিকল্প উপলভ্য রয়েছে। শিক্ষা বিভাগের বিনামূল্যে খাদ্য বিতরণ কেন্দ্র অনুসন্ধান ওয়েবসাইট-এ যান

অথবা **311**-এ কল করুন। এছাড়াও **FOOD** লিখে **877-877**নম্বরে পাঠাতে পারেন। স্প্যানিশ ভাষার জন্য **COMIDA** লিখে **877-877**-এ বার্তা পাঠান।

- 60 বা তার বেশি বয়সী যে কোনও বয়স্ক ব্যক্তি যিনি সম্ভাব্য হোম ডেলিভারি সহ কোথায় ও কীভাবে খাবার পাবেন তার বিকল্প খুঁজছেন তাকে www.nyc.gov/getfood দেখতে হবে বা 311 নম্বরে কল করে "Get Food"বলতে হবে।
- বাতিল করতে, পরিবর্তন করতে বা এই পরিষেবা সম্পর্কে অভিযোগ জমা দিতে আপনি 311 নম্বরে কল করে "Get Food" বলতে পারেন অথবা এখানে প্রতিক্রিয়া জানাতে পারেন:on.nyc.gov/seniorfoodhelp
- যদি আপনি বাড়ি থেকে বেরোতে না পারেন, যদি এমন কেউ না থাকে যে আপনার জন্য খাবার নিয়ে আসতে পারে, এবং আপনি যদি বেসরকারি বিতরণের বিকল্প ব্যবহারে অসমর্থ হন, তাহলে আপনি আপনার বাড়িতে সরাসরি খাবার পৌঁছে দেবার সুবিধা গ্রহণ করার জন্য উপযুক্ত হতে পারেন। NYC কোভিড-19 -এর খাদ্য সহায়তা সংস্থান (Food Assistance Resources) ওয়েবসাইট-এ যান অথবা 311 -এ কল করুন এবং বলুন "Get Food"।
- মহিলা, নবজাত ও শিশুদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি প্রকল্প (Special Supplemental Nutrition Program for Women, Infants and Children, WIC) স্বল্প উপার্জনক্ষম মহিলা ও শিশুদের জন্য বিনামূল্যের পুষ্টিকর খাবার এবং অন্যান্য পরিষেবা প্রদান করে। ACCESS NYC-এ যান (স্প্যানিশ ভাষার জন্য, ACCESS NYC Español-এ যান) অথবা HRA -এর ইনফোলাইন **718-557-1399-এ কল করুন।**

আবাসন ও ইউটিলিটি

- আপনার অভিবাসনের স্থিতি নির্বিশেষে নিউ ইয়র্কে সকলের জন্য সমস্ত উচ্ছেদ প্রক্রিয়া এবং উচ্ছেদের আদেশ মুলতুবি রয়েছে। এর অর্থ হল এই সময়ে আপনি যদি ঘর ভাড়া দিতে অসমর্থ হন তাহলেও আপনার বাসার মালিক আপনাকে উচ্ছেদ করতে পারবে না। আরও তথ্যের জন্য, ভাড়াটে সুরক্ষার কাজে নিয়োজিত মেয়রের কার্যালয়ের ওয়েবসাইট অথবা NYS অ্যাটর্নি জেনারেলের কোভিড-19 এবং আবাসনের অধিকার সম্পর্কিত পেজ-এ যান।
- ভাড়াটেদের মধ্যে যাদের কোনও প্রশ্ন রয়েছে অথবা যাদের ভাড়াটে হিসাবে আইনি পরামর্শের প্রয়োজন রয়েছে, যদি তারা বাড়ির মালিকের পক্ষ থেকে হয়রানির শিকার হন, অথবা যদি তাদের উচ্ছেদ করার হুমকি দেওয়া হয়, তাহলে তারা 311-এ কল করে শহরের আবাসিক ভাড়াটেদের জন্য বরাদ্দ হটলাইনে কথা বলতে পারেন। হটলাইন কোভিড-19 অতিমারী চলাকালীন ভাড়াটে সম্পর্কিত সমস্যাগুলির সমাধানে সমস্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তা করতে কীভাবে শহরের পক্ষ থেকে প্রদত্ত সুবিধাগুলির অ্যাক্সেস করবেন বা সহায়তার জন্য আবেদন করবেন, বিনামূল্যে আইনি পরামর্শ, এবং অন্যান্য বিদ্যমান সংস্থানগুলির ব্যবহার করবেন সেই সম্পর্কে —জিপ কোড, আয় অথবা অভিবাসনের স্থিতি নির্বিশেষে— পরামর্শ প্রদান করে।
- যদি করোনা-ভাইরাসের ফলে আপনার কাজের সময়সূচি হ্রাস করা হয় এবং আপনি যদি আপনার ঘর ভাড়া দিতে অসমর্থ হন, তাহলে আপনি জরুরী নগদ সহায়তার জন্য আবেদন করতে পারেন। অভিবাসন সম্পর্কিত কিছু কিছু বিধিনিষেধ প্রযোজ্য হতে পারে। ACCESS NYC-এ যান (স্প্যানিশ ভাষার জন্য, Access NYC Español-এ যান) অথবা HRA -এর ইনফোলাইন 718-557-1399-এ কল করুন।
- Homebase প্রকল্প NYC-তে বসবাসকারীদেরকে গৃহহীন হওয়া এবং আশ্রয়স্থলে প্রবেশের মতো আসন্ন ঝুঁকির ক্ষেত্রে সহায়তা করতে পারে। Homebase-এর HRA-এর ওয়েবপেজ-এ যান অথবা 311 নম্বরে কল করুন।
- যদি আপনি NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন (Housing Preservation and Development, HPD) বিভাগ 8 ভাউচার ব্যবহার করেন এবং উপার্জনের ক্ষেত্রে ক্ষতির ফলে ঘর ভাড়া দিতে অসুবিধার সম্মুখীন হন, তাহলে সহায়তা পেতে DTRAI@hpd.nyc.gov -এ ইমেল করুন।
- যে সমস্ত NYCHA অধিবাসীরা উপার্জন হ্রাসের মতো সমস্যার সম্মুখীন হচ্ছেন, তারা NYCHA-এর ভাড়া দেয়ার ক্ষেত্রে অক্ষমতা প্রকল্পের জন্য বিবেচিত হতে পারেন। আরও বিশদ জানতে, NYCHA গ্রাহক যোগাযোগ কেন্দ্রের নম্বর **718-707-7771** -এ কল করুন।
- সিটি NYCHA অধিবাসীদের জন্য নানাবিধ লাভজনক সংস্থানের ব্যবস্থা করেছে, এর মধ্যে রয়েছে সমস্ত NYCHA অধিবাসীদের জন্য ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম এবং কোভিড-19 এর পরীক্ষা, এছাড়াও বয়সে প্রবীণদের জন্য রয়েছে খাদ্য ও সুস্থতার পরীক্ষা। আরও তথ্যের জন্য, NYCHA ওয়েবসাইট -এ যান।
- নিউ ইয়র্ক সিটি নিম্নলিখিত দল ও ব্যক্তিদের জন্য অস্থায়ীভাবে হোটেলে থাকার ব্যবস্থা করেছে: গৃহহীন সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসী; স্বাস্থ্যসেবা কর্মীরা উপসর্গ নির্বিশেষে, যে সকল NYC Health + Hospitals এর রোগীদের ছুটি দেয়া হচ্ছে তাদেরকে নিজেদের সকলের থেকে আলাদা থাকতে হবে এবং কোভিড-19 পজিটিভ পাওয়া গেছে বা উপসর্গ আছে এমন ব্যক্তিদেরকে নিজেদের সকলের থেকে আলাদা থাকতে হবে। আরও বিশদ জানতে, nyc.gov/covid19hotel-এ যান।
- ConEdison বিদ্যুৎ বিল না দিতে পারলেও বিদ্যুৎ পরিষেবা বহাল রাখবে বলে তাদের সম্মতি দিয়েছে এবং সেক্ষেত্রে তারা বিল দিতে দেরি হওয়ার ফলে প্রযোজ্য জরিমানাও মাফ করবে। National Grid আরও জানিয়েছে যে তারা কমপক্ষে এপ্রিল মাস পর্যন্ত বিল না দিতে পারলেও গ্যাস পরিষেবার সংযোগ বিচ্ছিন্ন করবে না। আরও তথ্যের জন্য ConEdison এর ওয়েবসাইট এবং National Grid এর ওয়েবসাইট দেখুন।
- করোনা-ভাইরাসের প্রাদুর্ভাবজনিত বাধার কারণে যদি আপনি Comcast, AT&T, ও Verizon-এর বিল পরিশোধ করতে সক্ষম না হন তাহলেও তারা 60 দিনের জন্য ইন্টারনেট পরিষেবা বন্ধ করবে না বলে তাদের সম্মতি জানিয়েছে।

- Comcast নতুন স্বল্প উপার্জনক্ষম গ্রাহকদের জন্য 25 Mbps) স্পীড সহ দুই মাসের জন্য বিনামূল্যের ইন্টারনেট পরিষেবা প্রদান করেছে। আরও বিশদ জানার জন্য Comcast ইন্টারন্যাল এসেনশিয়াল ওয়েবসাইট-এ যান।
- Metro PCS, T-Mobile, Sprint, AT&T এবং Comcast Xfinity সকলেই কমপক্ষে 60 দিনের জন্য মোবাইল ফোন গ্রাহকদের জন্য তাদের ডেটা সীমা তুলে দিচ্ছে। Verizon গ্রাহকদের জন্য এবং ক্ষুদ্র ব্যবসার শেয়ারকৃত ডেটা প্ল্যান, হটস্পট এবং জেটপ্যাকগুলির ক্ষেত্রে ব্যবহার করার জন্য অতিরিক্ত 15GB 4G LTE ডেটা স্বয়ংক্রিয়ভাবে যোগ করছে। আরও তথ্যের জন্য আপনার মোবাইল ফোনের পরিষেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন।
- পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত, সমস্ত Xfinity WiFi পাবলিক হটস্পট "xfinitywifi" SSID-এ বর্তমানে সবার জন্য খোলা রয়েছে। ছোট/মাঝারি আকারের ব্যবসা প্রতিষ্ঠানগুলিতে এবং বাইরের বাণিজ্যিক অবস্থানগুলিতে পাবলিক হটস্পট পাওয়া যেতে পারে। একটি WiFi পাবলিক হটস্পট খুঁজে পেতে এবং আরও জানতে Xfinity WiFi ওয়েবসাইট দেখুন।

শিক্ষা এবং শিশুর যত্ন

- 2019-2020 স্কুল শিক্ষাবর্ষের অবশিষ্ট দিনগুলিতে দূরশিক্ষা প্রদানের ব্যবস্থা চলতে থাকবে, কারণ স্কুলগুলি বন্ধ থাকবে। এর অর্থ হল শিক্ষার্থীরা ইন্টারনেট ব্যবহার করে বাড়ি থেকে তাদের ক্লাস চালিয়ে যাচ্ছে। শিক্ষা বিভাগ (DOE) যেসব শিক্ষার্থীদের প্রয়োজন রয়েছে তাদেরকে ইন্টারনেটের সুবিধা যুক্ত আইপ্যাড ধার দিচ্ছে। মোবাইল ডেটা প্ল্যান এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। আরও জানতে Schools.NYC.gov/Coronavirus-এ যান অথবা **311-এ কল করুন।**
- এতে K-12 পর্যন্ত শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য অনেকগুলি বিনামূল্যের ইন্টারনেট বিকল্পও রয়েছে :
    - Charter Spectrum নতুন গ্রাহকদের জন্য 100 Mbps স্পীড সহ বিনামূল্যে দুই মাসের জন্য ইন্টারনেট পরিষেবা প্রদান করছে। ইনস্টল করার ফি মৌকুফ করা হতে পারে। 1-844-488-8395 নম্বরে কল করুন।
    - Suddenlink এবং Optimum উভয়েই Altice USA এর মালিকাধীন, তারা নতুন গ্রাহকদের জন্য 30 Mbps স্পীড সহ 60 দিনের জন্য বিনামূল্যে ইন্টারনেট পরিষেবা প্রদান করবে। Optimum-এর জন্য 1-866-200-9522 নম্বরে এবং Suddenlink ইন্টারনেট পরিষেবার জন্য 1-888-633-0030 নম্বরে কল করুন।
    - Cox তার ইন্টারনেট প্রোগ্রাম Connect2Compete-এর প্রথম মাস স্বল্প উপার্জনক্ষম গ্রাহক যাদের ছোট বাচ্চা (K-12 অথবা আরও ছোট) আছে তাদের জন্য 12শে মে 2020 পর্যন্ত বিনামূল্যে দিচ্ছে।
- DOE এর কাছে Pre-K থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য ইংরাজিতে বাড়ি-থেকে-শিক্ষা গ্রহণের জন্য উপাদান রয়েছে।
- NYC -এর শিশুদের পরিষেবা প্রশাসন (Administration for Children's Services, ACS) -এর কাছে অভিভাবক ও শিশুদের জন্য একটি ভার্চুয়াল কোভিড-19 সংস্থানগত নির্দেশিকা রয়েছে, এতে অভিভাবকত্ব বিষয়ক পরামর্শ, অন্যদের থেকে আলাদা থাকার সময় করণীয় পরামর্শ, এবং বুনিয়াদি প্রয়োজনীয়তাগুলির জন্য সংস্থানসমূহ অন্তর্ভুক্ত।
- পরিবার সমৃদ্ধি কেন্দ্র (FEC) প্রদান করার জন্য তিনটি পাড়ায় কমিউনিটি ভিত্তিক সংস্থাগুলির সাথে ACS সহযোগী হয়েছে, এই FEC-গুলিতে কমিউনিটির মতো অনেক সুযোগ সুবিধা আছে। FEC-গুলি এখন দূরবর্তী রেফারেল এবং সহায়তা প্রদান করার পাশাপাশি সীমিত শারীরিক জরুরি সংস্থান প্রদান করছে। আরও তথ্যের জন্য ACS ওয়েবসাইট দেখতে পারেন।
- নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি (The New York Public Library, NYPL) শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে অনলাইন প্রশিক্ষণ প্রদান করে। শিক্ষার্থীরা টিউটরদের থেকে দুপুর 2 থেকে রাত্রি 11টার এর মধ্যে অনলাইন হোমওয়ার্কের সাহায্য পেতে পারেন। প্রাথমিক থেকে হাই স্কুল গ্রেড পর্যন্ত মূল বিষয়ের জন্য ইংরেজি ও স্প্যানিশ ভাষায় টিউটর উপলভ্য। এছাড়া দিনে 24 ঘণ্টার জন্য ভিডিও রূপে তৈরি ও অন্যান্য শিক্ষা সামগ্রীগুলি উপলভ্য রয়েছে। এই পরিষেবার সুবিধা ভোগ করার জন্য পরিবারগুলির একটি নিউ ইয়র্ক লাইব্রেরি কার্ড লাগবে, এবং নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি ওয়েবসাইট-এ গিয়ে কার্ডের জন্য আবেদন করতে পারেন।
- We Speak NYC অনলাইনে বিনামূল্যে শিক্ষামূলক উপাদানগুলি ইংরেজি ভাষায় সরবরাহ করে এবং অনলাইনে বিনামূল্যে সাপ্তাহিক ক্লাস চালায়।নতুন মানুষজনের সাথে পরিচিত হতে আজই একটি ক্লাসের জন্য সাইন আপ করুন, অভিবাসনের স্থিতি নির্বিশেষে, নিউ ইয়র্ক শহরের সমস্ত বাসিন্দাদের জন্য উপলভ্য নিউ ইয়র্ক শহর পরিষেবাগুলি সম্পর্কে জানুন এবং ইংরাজি বলার অনুশীলন করুন। যদি আপনি একটি ক্লাসে যোগ দিতে চান, তাহলে অনুগ্রহ করে এখানে ক্লাসগুলির সময়সূচি দেখুন। যে কেউ কোনও ধরনের অ্যাকাউন্ট তৈরি না করেই We Speak NYC ওয়েবসাইট থেকে সেগুলিতে বিদ্যমান বিনামূল্যের উপাদানগুলির অ্যাক্সেস করতে পারে। এছাড়াও এতে পাঠ্য পরিকল্পনা, এবং হ্যান্ডবুক সহ শিক্ষাবিদদের জন্য নানাবিধ উপকরণও রয়েছে।
- প্রথম সাহায্যকারী, পরিচর্যা কর্মী, পরিযায়ী কর্মী এবং অত্যাবশ্যক কর্মীদের পাশাপাশি সিটির অন্যান্য কর্মীদের জন্য সিটি আঞ্চলিক সমৃদ্ধি কেন্দ্রগুলিতে (Regional Enrichment Center, REC) বিনামূল্যে শিশু পরিচর্যা প্রদান করছে। REC প্রাক-প্রাথমিক থেকে 12 গ্রেড পর্যন্ত শিশুদের জন্য সোমবার থেকে শুক্রবার, সকাল 7:30টা থেকে সন্ধ্যা 6:30 পর্যন্ত খোলা থাকে। খাবার দেয়া হবে। DOE-এর আঞ্চলিক সমৃদ্ধকরণ কেন্দ্র (Regional Enrichment Center) ওয়েবসাইটে যান অথবা পরিষেবাগুলি সম্বন্ধে বিশদ জানতে এবং বিনামূল্যে শিশু পরিচর্যা সম্পর্কিত পরিষেবা উপলভ্য কর্মীদের সম্পূর্ণ তালিকা দেখতে 311-এ কল করুন।

শ্রমিক সহায়তা এবং আর্থিক সহায়তা

- আপনি ব্যবসার মালিক বা চাকরি সন্ধানী হন তাহলে, নিউ ইয়র্কবাসীদের জন্য NYC ক্ষুদ্র ব্যবসা পরিষেবা বিভাগ (NYC Department of Small Business Services) সহায়তা প্রদান করছে। কোভিড-19 সম্পর্কে সর্বশেষ সংস্থান ও তথ্যের জন্য nyc.gov/sbs দেখুন।
- ফেডারেল সরকার করোনা-ভাইরাস সহায়তা, ত্রাণ এবং অর্থনৈতিক সুরক্ষা আইনের (CARES Act) অঙ্গ হিসাবে, সরকার মার্কিন যুক্তরাষ্ট্রের এমন অনেক লোককে আর্থিক ক্ষতির জন্য পেমেন্ট (Economic Impact Payments) করছে যারা একটি নির্দিষ্ট পরিমাণের থেকে কম উপার্জন করেন।
    - আপনি অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্তদের পেমেন্ট (Economic Impact Payment) পাওয়ার জন্য যোগ্য হতে পারেন, যদি আপনি
        - একজন মার্কিন নাগরিক অথবা বিদেশে বসবাসকারী মার্কিন নাগরিক হন;
        - অন্য কারও প্রত্যাবর্তনের পর তাকে নির্ভরশীল হিসাবে দাবি করা যাবে না;
        - কর্মসংস্থানের জন্য বৈধ (বৈধ SSN) একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security number, SSN) থাকতে হবে; এবং
        - ব্যক্তিগতভাবে $99,000 পর্যন্ত এবং যৌথভাবে $198,000 পর্যন্ত নিয়মিত মোট আয় আছে।
    - পরিবারের ক্ষেত্রে, পিতামাতা উভয়ের কাছে বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকতে হবে এবং নির্ভরশীল হিসাবে দাবি করা শিশুদেরও অবশ্যিকভাবে বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকতে হবে। (ব্যতিক্রম: যদি স্বামী ও স্ত্রী-র মধ্যে কোনও একজন অর্থ বছরের যে কোনও সময়ে মার্কিন সশস্ত্র বাহিনীর সদস্য হয়ে থাকেন, তাহলে স্বামী ও স্ত্রী-র মধ্যে কোনও একজনের কাছে বৈধ SSN থাকলেই হবে।)
    - আরও তথ্যের জন্য, ACCESS NYC -এ যান।
- একজন শ্রমিক হিসাবে আপনার অধিকার জানুন এবং আপনার অভিবাসনের স্থিতি যাই হোক না কেন এই অধিকারগুলি আপনার রয়েছে, এর মধ্যে নিউ ইয়র্ক সিটি আইন অনুযায়ী সুরক্ষার স্বার্থে ও অসুস্থতার জন্য প্রয়োজনে সবৈতনিক ছুটি নেয়াও অন্তর্ভুক্ত। NYC কর্মীদের অধিকার সম্পর্কিত বিল সবার উপরে প্রযোজ্য হয়, এতে অনথিভুক্ত অভিবাসীরাও অন্তর্ভুক্ত।
- আপনি নিউ ইয়র্ক স্টেট আইন অনুসারে কোভিড-19 এর জন্য অসুস্থতার কারণে সবৈতনিক জরুরি ছুটি পাওয়ার অধিকারী হতে পারেন। অনথিভুক্ত অভিবাসীরও যোগ্য হতে পারে। আরও জানতে, নিউ ইয়র্ক স্টেট গভর্নরের অফিস ওয়েবসাইটে যান অথবা স্টেটের কোভিড-19 হটলাইন 1-888-364-3065 এ কল করুন।
- কাজের অনুমোদন রয়েছে এমন নিউ ইয়র্কের অভিবাসীরা বেকার ভাতার সুবিধা ভোগ করার জন্য উপযুক্ত হতে পারেন। নিউ ইয়র্ক স্টেট 7-দিনের অপেক্ষার সময় পরিত্যাগ করছে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের ওয়েবসাইটে যান অথবা 1-888-209-8124 এ কল করুন। যোগ্যতা এবং আবেদনের প্রক্রিয়া সম্বন্ধে আরও জানতে, Access NYC -এর বেকার ভাতার প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী-তে যান।
- নিউ ইয়র্কের অভিবাসী এবং/অথবা তাদের বাচ্চারা নিউ ইয়র্কে নগদ সহায়তার জন্য যোগ্য হতে পারে। ACCESS NYC-এ যান (স্প্যানিশ ভাষার জন্য, Access NYC Español-এ যান) অথবা HRA -এর ইনফোলাইন 718-557-1399-এ কল করুন।
- যদি আপনি আপনার বাড়ির বন্ধকী জন্য কিস্তি প্রদানে আর্থিক সমস্যা সম্মুখীন হন, তাহলে আপনার ব্যাঙ্ক নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগের বন্ধকীর ক্ষেত্রে ছাড়ের নির্দেশিকা-এর অধীনে 90 দিনের জন্য আপনার বন্ধকীর বিনিময়ে পেমেন্টের ক্ষেত্রে ছাড় দিতে পারে। আরও জানতে আপনার বন্ধকীর বিনিময়ে ঋণ প্রদানকারী ব্যাঙ্কে কল করুন।
- ফেডারেল স্টুডেন্ট লোনের জন্য কিস্তি প্রদান, কোনোরূপ সুদ বা জরিমানা ছাড়াই। যে সব ঋণ এই স্থগিত করা হচ্ছে না সেগুলি হল মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের দ্বারা নিয়ন্ত্রিত নয় এমন পুরাতন ফেডারেল পারিবারিক শিক্ষণ ঋণ, স্কুলের দ্বারা নিয়ন্ত্রিত পার্কিন্স ঋণ, এবং বেসরকারি স্টুডেন্ট লোন। NYC গ্রাহক ও কর্মী সুরক্ষা বিভাগের কোভিড-19 চলাকালীন স্টুডেন্ট লোন দেনার পরামর্শে এবং studentaid.gov গিয়ে আরও বিস্তারিত জানুন।
- যদি আপনি নিউ ইয়র্ক স্টেটে কোনও শিক্ষার্থী বা চিকিৎসা সম্বন্ধীয় ঋণ নিয়ে থাকেন যার পরিশোধের সময়োত্তীর্ণ হয়ে গেছে, তাহলে আপনি ঋণের বিনিময়ে অর্থ পরিশোধের থেকে সাময়িকভাবে সুরক্ষিত হতে পারেন। আরও জানতে নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেলের ওয়েবসাইটে যান।
- স্বাস্থ্যসেবা প্রদানকারী, পরিবহন কর্মীরা এবং প্রথম প্রতিক্রিয়াকারীরা তাদের নিয়োগকর্তাদের মাধ্যমে সাইন আপ করিয়ে বিনামূল্যে 30 দিনের Citi Bike-এর সদস্যতা পেতে পারেন। আরও বিশদ জানতে Citi Bike ক্রিটিক্যাল ওয়ার্কফোর্স প্রোগ্রাম ওয়েবপেজ-এ যান।

হয়রানি অথবা বৈষম্যের বিরুদ্ধে জন সুরক্ষা এবং নিরাপত্তা

- কারও বিরুদ্ধে তাদের জাতি, জাতিগত উৎস, অথবা অন্য কোনও স্থিতির ভিত্তিতে ঘৃণা এবং বৈষম্যমূলক আচরণ নিউ ইয়র্ক শহরে বরদাস্ত করা হয় না। NYC-এর মানবাধিকার কমিশন, মেয়রের ঘৃণামূলক অপরাধগুলির প্রতিরোধ অফিস এবং NYPD, কোভিড-19 সম্পর্কিত ভয় এবং কলঙ্কের ফলে অভিযোগ দায়ের করা ঘৃণা ও পক্ষপাতিত্বের ঘটনাগুলির পর্যবেক্ষণ করছে।
  - হয়রানি অথবা বৈষম্যমূলক আচরণের জন্য অভিযোগ জানাতে **311**-এ কল করুন।
  - যদি আপনি নিজে একটি ঘৃণামূলক অপরাধের শিকার হন অথবা এমন কোনও ঘটনার সাক্ষী হন যাকে আপনি একটি ঘৃণামূলক অপরাধ বলে মনে করেন তাহলে **911**-এ কল করুন। NYPD-এর আধিকারিকগণের কাছে কেউ যদি সহায়তা প্রার্থনা করে তাহলে ওনারা তার অভিবাসনের স্থিতি জানতে চাইবে না।
  - কোভিড-19 সম্পর্কিত ঘৃণা এবং পক্ষপাতিত্বের ঘটনা কীভাবে জানাবেন, এবং ক্ষতিগ্রস্ত এবং মানসিক স্বাস্থ্য সহায়তা কীভাবে পাবেন তা জানতে nyc.gov/StopCOVIDHate-এ যান।
- NYC পারিবারিক বিচার কেন্দ্রসমূহ (NYC Family Justice Centers) পারিবারিক হিংসা থেকে নিজেকে রক্ষা করতে পারা ব্যক্তিদের সহায়তা প্রদান করার জন্য ফোনের মাধ্যমে উপলভ্য রয়েছে, এর মধ্যে তাৎক্ষণিক সুরক্ষা পরিকল্পনা, আশ্রয় প্রদান, আইনি সহায়তা, মানসিক স্বাস্থ্য এবং পরামর্শ পরিষেবা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত। আপনাকে কোনও বার্তা পাঠাতে বলা হতে পারে, এবং যত তাড়াতাড়ি সম্ভব কেউ আপনাকে সহায়তা করতে যোগাযোগ করবে।
  - আপনি আপনার নিকটবর্তী কেন্দ্রে কল করতে পারেন, সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত।
    - NYC পারিবারিক বিচার কেন্দ্র, **Bronx** এর জন্য **718-508-1220**-এ কল করুন।
    - NYC পারিবারিক বিচার কেন্দ্র, **Broklyn** এর জন্য **718-508-1220**-এ কল করুন।
    - NYC পারিবারিক বিচার কেন্দ্র, **Manhattan** এর জন্য **718-508-1220**-এ কল করুন।
    - NYC পারিবারিক বিচার কেন্দ্র, **Queens** এর জন্য **718-508-1220**-এ কল করুন।
    - NYC পারিবারিক বিচার কেন্দ্র, **Staten Island** এর জন্য **718-508-1220**-এ কল করুন।
  - সন্ধ্যার পরে অথবা সপ্তাহান্তে, NYC-এর 24-ঘণ্টা গার্হস্থ্য সহিংসতার সাহায্যের হটলাইন **800-621-HOPE (4673)**-এ কল করুন।

অভিবাসন সংক্রান্ত আইনি প্রক্রিয়া এবং বলবৎকরণের স্থিতি

- ActionNYC হল সিটির একটি উদ্যোগ যা নিউ ইয়র্কবাসীদের অভিবাসনের ক্ষেত্রে বিনামূল্যে, নিরাপদ এবং গোপনীয় আইনি সহায়তা প্রদান করে। বর্তমান সময়ে সামাজিক দূরত্ব বজায় রাখার নীতিকে মেনে চলতে ফোনের মাধ্যমে অভিবাসনের স্ক্রিনিংকে অনুমোদিত করার জন্য প্রকল্পটি বর্তমানে সামঞ্জস্যবিধান করছে (আপনার বাড়িতে থাকে না এমন লোকেদের থেকে কমপক্ষে ছয় ফুট দূরে থাকা)। অভিবাসনের স্থিতি নিয়ে যে কোনও ধরনের প্রশ্ন অথবা উদ্বেগের জন্য, 800-354-0365 এ কল করুন, সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 6টার মধ্যে অথবা 311 এ কল করে "ActionNYC" বলুন।
- NYC সিভিল জাস্টিস অফিস নিউ ইয়র্কবাসীদের মধ্যে যাদের প্রয়োজন তাদের জন্য বিনামূল্যের আইনি পরিষেবা প্রদান করে, এর মধ্যে ভাড়াটে, অভিবাসী, স্বল্প বেতনের শ্রমিক এবং অন্যান্য নিউ ইয়র্কবাসী যারা আইনি অসুবিধার সম্মুখীন হচ্ছেন তারা অন্তর্ভুক্ত। আরও বিশদ জানতে NYC সিভিল জাস্টিস অফিসের ওয়েবসাইটে যান।
- আটক করা হয়নি এমন লোকেদের জন্য কমপক্ষে 15ই মে 2020 পর্যন্ত অভিবাসন আদালতের সমস্ত রকমের শুনানি স্থগিত রাখা হয়েছে। আটক করা লোকেদের জন্য শুনানি আপাতত চলছে। সর্বশেষ তথ্য পেতে Justice.gov/EOIR দেখুন, পর্যালোচনার কার্যনির্বাহী অফিসের (Executive Office for Immigration Review, EOIR) হটলাইন নম্বর **1-800-898-7180**এ কল করুন এবং EOIR-এর Facebookপেজ দেখুন।
- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা (U.S. Citizenship and Immigration Services, USCIS) পরবর্তী বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত ইন্টারভিউ ও নাগরিকত্ব দেয়ার অনুষ্ঠান সহ সমস্ত মুখোমুখি পরিষেবা বাতিল করেছে। USCIS.gov/Coronavirus দেখুন (স্প্যানিশের জন্য Respuesta de USCIS al Coronavirus 2019 webpage দেখুন) অথবা USCIS হটলাইনের **1-800-375-5283**নম্বরে কল করুন।
- অভিবাসন কাস্টম বলবৎকরণ (Immigration Customs Enforcement, ICE) কোভিড-19 অতিমারীর কারণে এর নীতিগুলির সংশোধন করেছে। আরও বিশদ জানতে, ICE.gov/COVID19-এ যান

- বর্তমানে ICE -তে আটক লোকেদের পরিবার ও বন্ধুরা তাদের সঙ্গে দেখা করতে পারবেন না। উকিলদের জন্য, কিছু আইনি দর্শন অব্যাহত রয়েছে। যদিও, ICE উকিলদেরকে যেখানে সম্ভব সেখানে ভিডিওর মাধ্যমে দেখা করার পদ্ধতি ব্যবহারের জন্য উৎসাহিত করছে এবং যেক্ষেত্রে তাদেরকে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম সরবরাহ করার প্রয়োজন সেক্ষেত্রে মুখোমুখি সাক্ষাৎকারের ব্যবস্থা করা হবে কিন্তু সেটি কেন্দ্রে পরীক্ষা-নিরীক্ষার পরে শর্তসাপেক্ষ হতে পারে। উকিলরা আরও বিস্তারিত তথ্য এবং আপডেটের জন্য নিজেদের কেন্দ্রের সাথে যোগাযোগ করতে পারেন।
- যে সমস্ত লোকেদের আটক করা হয়নি তাদের জন্য ICE সমস্ত রকমের মুখোমুখি চেক-ইন বাতিল করে দিয়েছে। টেলিফোনের মাধ্যমে চেক-ইন এখনও কার্যকর রয়েছে।
  - ICE দ্বারা গ্রেপ্তার অব্যাহত রয়েছে। ICE বলেছে যে তারা ব্যতিক্রমী পরিস্থিতি বাদে বর্তমান বা অদূর ভবিষ্যতের স্বাস্থ্য সেবা কেন্দ্রে নিরিখে কাদের গ্রেপ্তার করা হবে অথবা কাদের গ্রেপ্তার করা হবে না তার মধ্যে কিছু সীমাবদ্ধতা প্রণয়ন করবে।

অতিরিক্ত সংস্থান

- অভিবাসন বা কীভাবে সিটি পরিষেবা ব্যবহার করবেন সেই সংক্রান্ত প্রশ্ন আছে? MOIA হটলাইন 212-788-7654 এ কল করুন, সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টার মধ্যে AskMOIA@cityhall.nyc.gov-এ একটি ইমেল পাঠান অথবা MOIA নেবারহুড অর্গানাইজারের (MOIA Neighborhood Organizer) কাছে যান।
- নিউ ইয়র্কের প্রতিবন্ধী বাসিন্দারা খাদ্য/সরবরাহ বিতরণ, সামাজিক সুরক্ষা/Medicaid সুবিধা, বাড়িতে স্বাস্থ্যসেবা , এবং আরও সম্পদের বিষয়ে অন্যান্য তথ্যের জন্য প্রতিবন্ধীদের জন্য মেয়রের অফিসের (Mayor's Office for People with Disabilities) কোভিড-19 ওয়েবপেজে যান।
- **844-330-2020** -এ ফোন করে অথবা অনলাইন সুবিধার মাধ্যমে আদমশুমারির ফরমগুলি পূরণ করা যেতে পারে।। ভাষাগত সহায়তার জন্য, 2020 সেনসাস ল্যাঙ্গুয়েজ সাপোর্ট ওয়েবপেজ-এ যান। এই আদমশুমারি নিরাপদ, প্রতিক্রিয়াগুলি সম্পূর্ণ গোপনীয়, এবং নাগরিকত্ব বা অভিবাসনের স্থিতির সাথে এর কোনও সম্পর্ক থাকার প্রশ্নই নেই।